

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৩১.২০.০৫৮.২৪ নথির বিষয়ঃ Cleaning Work of Sludge Lagoon (East) of SWTP Phase-1. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ Cleaning Work of Sludge Lagoon (East) of SWTP Phase-1. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৭/৯/২৪ ১১:৩০ অপরাহ্ন

ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র” ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ “র” ওয়াটার পরিবহন, “ট্রিটেড” ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। আলোচ্য কাজটি “র” ওয়াটার পরিবহনের সাথে সম্পর্কিত বিধায় অত্র বিভাগ হতে নথিটি উপস্থাপন করা হয়েছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এ দুইটি স্লাজ লেগুন রয়েছে, যা পূর্ব ও পশ্চিম নামে অভিহিত। যার একটি চালু রাখা অবস্থায় অপরটি স্টান্ড বাই থাকে। পানি শোধন করার সময় স্লাজ লেগুনে জমা হয় এবং আস্তে আস্তে লেগুন ডরাট হয়ে যায়। প্রতি বছর স্লাজ লেগুন দুটি পরিষ্কার করতে হয়। স্লাজ লেগুন দুটি প্রতিনিয়ত ব্যবহারের ফলে লেগুনের তলদেশে স্থাপিত পাইপের ভিতরে স্লাজ জমা হওয়ার কারণে পাইপ সমূহ প্রায় বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। তাই লেগুনে পুঞ্জীভূত স্লাজ এবং স্লাজ লেগুনের তলদেশে স্থাপিত পাইপের ভিতরে আটকানো স্লাজ পরিষ্কার করার প্রয়োজন দেখা দেয়। তাই প্রতি বছর স্লাজ লেগুন দুটি পরিষ্কার করার প্রয়োজন পড়ে। প্রস্তাবিত কাজটি করা হলে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পূর্ব পার্শ্বের স্লাজ লেগুনটি পরিষ্কার করা সম্ভব হবে। ফলে স্লাজ ধারণ ক্ষমতা বৃদ্ধি পাবে এবং পানি শোধন প্রক্রিয়া সহজতর হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৭/৯/২৪ ১১:৩১ অপরাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র (LTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৮২ এবং প্যাকেজ নং-W-41তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি মোতাবেক ৬৩ (১) ধারা অনুযায়ী ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৭/৯/২৪ ১১:৩৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষে পূর্ব অনুমোদিত দরের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪,৯৮,৪০৪.২৫৯ (চার লক্ষ আটানব্বই হাজার চারশত চার দশমিক দুই পাঁচ নয়) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। বিদ্যমান স্লাজ লেগুনের নক্সার কপি।
- ৩। পূর্বের অনুমোদিত দরের কপি।
- ৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন এবং প্রাক্কলনের কপি।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৭/৯/২৪ ১১:৩৬ অপরাহ্ন





এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত এর বিস্তারিত বর্ণনার আলোকে “Cleaning Work of Sludge Lagoon (East) of SWTP Phase-1.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষে নিম্ন বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪,৯৮,৪০৪.২৫৯ (চার লক্ষ আটানব্বই হাজার চারশত চার দশমিক দুই পাঁচ নয়) টাকার অনুমোদন।



গ) আলোচ্য কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৪-২৫ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
৮/৯/২৪ ৪:৩২ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৯/৯/২৪ ১২:২৯ অপরাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৯/৯/২৪ ৩:৩২ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৯/৯/২৪ ৩:৩২ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল





অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১০/৯/২৪ ১০:৩৪ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

	
১০/৯/২৪ ১০:৩৫ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১০/৯/২৪ ১০:৩৫ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১১/৯/২৪ ১:১৩ পূর্বাহ্ন

Okay

			
১১/৯/২৪ ১:১৪ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১১/৯/২৪ ৬:১৬ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১১/৯/২৪ ১২:৩৯ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১১/৯/২৪ ১২:৩৯ অপরাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)